



জাতীয় বিশ্ববিদ্যালয় উপাচার্যের সম্মেলন কক্ষে জাতীয় বিশ্ববিদ্যালয় ও নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের মধ্যে সম্প্রতি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়
—মানবকণ্ঠ

জাতীয় বিশ্ববিদ্যালয় ও নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের মধ্যে সমঝোতা

নিজস্ব প্রতিবেদক, গাজীপুর

জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের অফিস সম্মেলন কক্ষে জাতীয় বিশ্ববিদ্যালয় ও নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের মধ্যে একটি সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয় গত বৃহস্পতিবার রাতে। দেশের খ্যাতিনামা এ দুটি বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষা, গবেষণা ও নানা শিক্ষা কার্যক্রম-সংক্রান্ত ভবিষ্যৎ সহযোগিতার জন্য এ সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। এ সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের পক্ষে উপাচার্য প্রফেসর ড. এ এস এম আমানুল্লাহ এবং নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের পক্ষে উপাচার্য প্রফেসর ড. আব্দুল হান্নান।

এ সময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য প্রফেসর ড. মো. নূরুল ইসলাম, নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের পরিবেশ বিজ্ঞান ও ব্যবস্থাপনা বিভাগের প্রফেসর ড. মো. জাকারিয়া, জাতীয় বিশ্ববিদ্যালয়ের সব ডিন, রেজিস্ট্রার, পরীক্ষা নিয়ন্ত্রক এবং বিভাগীয় প্রধানরা। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ইন্টারন্যাশনাল ডেস্কের অধীনে সমঝোতা স্মারকটি সম্পাদিত হয়েছে। গতকাল শুক্রবার জাতীয় বিশ্ববিদ্যালয় জনসংযোগ দপ্তরের পরিচালক (ভারপ্রাপ্ত) মো. মোস্তাফিজুর রহমান সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানিয়েছেন।